



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

সূত্র নং- বিএসইসি/মুখপত্র/২০১১/১৫৮৯

তারিখঃ ১৮/০৯/২০১৪ ইং

প্রেস বিজ্ঞপ্তি

৫২৭ তম কমিশন সভা অদ্য ১৮/০৯/২০১৪ ইং তারিখে তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছেঃ

১. IFAD Autos Limited এর ৩০.০০ টাকা (অর্থাৎ প্রতি শেয়ারে ২০ টাকা প্রিমিয়ামসহ) মূল্যমানের ২,১২,৫০,০০০ টি সাধারণ শেয়ার প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যু করার অনুমোদন দেয়া হয়েছে। এই IPO এর মাধ্যমে কোম্পানীটি ৬৩.৭৫ কোটি টাকা পুঁজি উত্তোলন করে ব্যবসায় সম্প্রসারণ, ব্যাংক ঋণ পরিশোধ এবং প্রাথমিক গণ প্রস্তাবের খরচ খাতে ব্যয় করবে। কোম্পানীটির ৩০ শে জুন, ২০১৪ সালের সমাপ্ত বৎসরের নিরীক্ষিত হিসাব অনুযায়ী শেয়ার প্রতি আয় (EPS) ৫.১৬ টাকা এবং নেট এ্যাসেট ভ্যালু (NAV) ৪৪.১২ (পুনঃ মূল্যায়নসহ) টাকা। উল্লেখ্য, কোম্পানীটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে Banco Finance and Investment Limited এবং Alpha Chaptal Management Limited।
২. সভায় শাহজিবাজার পাওয়ার কোম্পানি লিমিটেডের সাবসিডিয়ারি কোম্পানি পেট্রোম্যাক্স রিফাইনারি লিমিটেডের বাণিজ্যিক উৎপাদন শুরু তথ্য শাহজিবাজার পাওয়ার কোম্পানি লিমিটেডের স্টক এক্সচেঞ্জ লিস্টিং হওয়া মাত্রই মূল্য সংবেদনশীল তথ্য হিসেবে প্রকাশ করা উচিত ছিল যা কোম্পানি করেনি। ফলে শাহজিবাজার পাওয়ার কোম্পানি লিমিটেড সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (সুবিধাভোগী ব্যবসা নিষিদ্ধকরণ) বিধিমালা, ১৯৯৫ এর বিধি ৩ এর উপবিধি (২) এর অধীনে কমিশন কর্তৃক জারিকৃত নোটিফিকেশন নং- এসইসি/এসআরএমআইডি/২০০০-৯৮৫/২২৪৮/প্র-০২/১ তারিখ ১৯ ডিসেম্বর ২০০০ ভঙ্গ করে। এমতাবস্থায় কমিশন সার্বিক বিবেচনাপূর্বক সিদ্ধান্ত গ্রহণ করে যে শাহজিবাজার পাওয়ার কোম্পানি লিমিটেডের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিষয়টি এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করবে।

এছাড়াও শাহজিবাজার পাওয়ার কোম্পানি লিমিটেড এর শেয়ার মূল্য অস্বাভাবিক বৃদ্ধি সম্পর্কিত তদন্ত প্রতিবেদন কমিশন সভায় পর্যালোচনা করা হয়। সার্বিক অবস্থা পর্যালোচনার মাধ্যমে উক্ত তদন্ত প্রতিবেদনে নিম্নবর্ণিত স্টক ব্রোকার সমূহের বিরুদ্ধে সিকিউরিটিজ আইন ভঙ্গের বিষয়সমূহ পরিলক্ষিত হওয়ায় প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নিমিত্ত তদন্ত প্রতিবেদনটি কমিশনের এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়:

- ক. PFI Securities Ltd. কর্তৃক গ্রাহকের হিসাবে শাহজিবাজার পাওয়ার কোম্পানী লিমিটেডের শেয়ার সংখ্যা ১০,০০০ কম দেখানোর মাধ্যমে The Securities and Exchange Ordinance, 1969 এর Section 18, Securities and Exchange Rules, 1987 এর Rule 8 (1) (a) এবং সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ (দ্বিতীয় তফসিল) এর আচরণ বিধি লংঘন;
- খ. Sharp Securities Ltd. কর্তৃক উহার একজন পরিচালককে শাহজিবাজার পাওয়ার কোম্পানী লিমিটেডের শেয়ার ক্রয়ে মার্জিন ঋণ প্রদান করার মাধ্যমে কমিশনের Directive No. SEC/CMRRCD/2001-43/51 dated July 22, 2010 এর লংঘন ;
- গ. Galaxy Capital Limited এবং Mona Financial Consultancy & Securities Limited কর্তৃক তাদের গ্রাহকদেরকে শাহজিবাজার পাওয়ার কোম্পানী লিমিটেডের শেয়ার ক্রয়ের ক্ষেত্রে same script netting সুবিধা প্রদান করার মাধ্যমে কমিশনের পত্র নং SEC/SRMID/94-231/472 dated February 13, 2005 এর লংঘন।



ফরহাদ আহমেদ
নির্বাহী পরিচালক